অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্কের 21 জন নিহত অগ্নিনির্বাপক কর্মীকে সম্মান জানান

নিউ ইয়র্কের অগ্নিনির্বাপক হিরোদের সম্মানে অগ্নি প্রতিরোধ সপ্তাহ এবং অগ্নিনির্বাপক কর্মীদের প্রসংশা দিবস ঘোষণা করা হয়

স্টেট মেমোরিয়াল ওয়ালে 21 জন নিহত অগ্নিনির্বাপক কর্মীর নাম খোদাই করবে

নিহত অগ্নিনির্বাপক কর্মীদের সম্মানে স্টেটের প্রোপার্টিগুলি আজ রাতে লাল আলোয় আলোকিত করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে, প্রথম সাড়াদানকারী যারা দায়িত্ব পালন করতে গিয়ে প্রাণ হারিয়েছেন তাদের স্মৃতি ও বীরত্বের প্রতি সম্মান জানাতে এম্পায়ার স্টেট প্লাজা (Empire State Plaza)-এর নিউ ইয়র্ক স্টেট ফলেন ফায়ারফাইটারস মেমোরিয়াল ওয়াল (New York State Fallen Firefighters Memorial Wall)-এ 21টি নাম যুক্ত করা হবে। স্টেটের কর্মকর্তাগণ প্রতি বছর আলবানির এম্পায়ার স্টেট প্লাজার ফলেন ফায়ারফাইটার মেমোরিয়াল ওয়ালে একটি অনুষ্ঠানের মাধ্যমে স্টেটের নিহত অগ্নিনির্বাপক কর্মীদের স্বীকৃতি দেন।য় মহামারির কারণে, সম্মানিত ব্যক্তি এবং তাদের পরিবারের জন্য একটি শ্রদ্ধাঞ্জলি ভিডিও তৈরি করা হয়েছে। 2021 সালে 24 তম বার্ষিক ফলেন ফায়ারফাইটার মেমোরিয়ালে উপস্থিত থাকার জন্য 2020 সালের সকল সম্মানিত ব্যক্তিদের পরিবারকে আমন্ত্রণ জানানো হবে যাতে তাদের প্রিয়জনকে একটি ঐতিহ্যবাহী অনুষ্ঠানে স্বীকৃতি দেওয়া যায়।

"এই একুশ জন সাহসী নিউ ইয়র্কবাসীর প্রত্যেকেই এই ডাকে সাড়া দিয়েছিল এবং তারা যে কমিউনিটি এবং বাসিন্দাদের সেবা প্রদান করেছিল তাদের সুরক্ষায় চূড়ান্ত ত্যাগ স্বীকার করেছেন। তাদের সাহসিকতা এবং ঐতিহ্যকে চিরকালের জন্য সম্মান করা আমাদের কর্তব্য," **গভর্নর কুওমো বলেন।** "এই ওয়ালে তাদের নাম লেখা থাকায়, আমরা প্রতিজ্ঞা করছি যে আমরা তাদের বীরত্বপূর্ণ কর্মকে কখনও ভুলে যাব না এবং সবসময় তাদের ঐতিহ্য মনে রাখার অঙ্গীকার করব।"

এছাড়াও, গভর্নর কুওমো নিউ ইয়র্কের নিহত অগ্নিনির্বাপক কর্মীদের সম্মান জানাতে আজ রাতে স্টেটের অসংখ্য প্রোপার্টি এবং ল্যান্ডমার্ক লাল আলোয় আলোকিত করার নির্দেশনা দিয়েছেন, দেশব্যাপী অনুষ্ঠিত জাতীয় "লাইট দ্য নাইট" শ্রদ্ধাঞ্জলিতে যোগ দান করার জন্য। এই অবস্থানগুলির মধ্যে রয়েছে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center);
- মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge);
- কস্কুইজকো ব্রিজ; (Kosciuszko Bridge)
- স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY) প্রশাসন ভবন;
- স্টেট শিক্ষা ভবন; (State Education Building);
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building);
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার (State Fairgrounds Main Gate & Expo Center);
- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls);
- মিড হাডসন ব্রিজ (Mid-Hudson Bridge);
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট (Grand Central Terminal - Pershing Square Viaduct) এবং
- আলবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)

"নিউ ইয়র্কে, অভাবনীয় সাহসের সাথে অকল্পনীয় বিপদের সম্মুখীন হওয়া পুরুষ ও নারীদের লিগ্যাসিকে সম্মান জানাতে পেরে আমরা গর্বিত," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই বছর ফলেন ফায়ারফাইটারস মেমোরিয়ালে 21টি নাম যোগ করা হচ্ছে এবং তাদের প্রতিটি গল্প বীরত্বের প্রমাণ হিসেবে কাজ করে যা তাদের দৈনন্দিন জীবনের অংশ যারা এই আহ্বানে সাড়া দেয় এবং ইউনিফর্ম পরে। আমরা তাদের সাহসিকতার পাশাপাশি তাদের পরিবার ও প্রিয়জনদের সাহসিকতা ও আত্মত্যাগকে সম্মান প্রদর্শন করি।"

এ বছর ওয়ালে যুক্ত হওয়া ব্যক্তিদের অনলাইনে পাওয়া যাবে এখানে।

21 জন নিহত অগ্নিনির্বাপক কর্মীর নাম যুক্ত করার পরে, ফলেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল এখন 2,596 জন ব্যক্তিকে সম্মান জানায় যারা দায়িত্ব পালন করতে গিয়ে প্রাণ হারিয়েছে। 1998 সালে নিবেদিত ফলেন ফায়ার ফাইটারস মেমোরিয়াল প্রতি অক্টোবরে নিউ ইয়র্কের নিহত অগ্নিনির্বাপক কর্মীদের স্মৃতি ও বীরত্বের প্রতি সম্মান প্রদর্শন করে। এই স্মৃতিসৌধ নিউ ইয়র্ক স্টেটের 100,000 জনেরও বেশি সক্রিয় অগ্নিনির্বাপক কর্মীর প্রতি শ্রদ্ধা নিবেদন করে যারা প্রতিদিন মানুষের নিরাপত্তার জন্য জীবন বাজি রেখে দায়িত্ব পালন করে।

গভর্নর কুওমো আজ রাষ্ট্রের কর্মজীবন এবং স্বেচ্ছাসেবক অগ্নিনির্বাপক কর্মীদের সম্মান জানাতে দুটি ঘোষণা জারি করেন, যা 4-10 অক্টোবর, 2020 তারিখে অগ্নি প্রতিরোধ সপ্তাহ এবং 8 অক্টোবর, 2020-কে অগ্নিনির্বাপক কর্মীদের প্রশংসা দিবস হিসেবে চিহ্নিত করে। প্রতিদিন নিউ ইয়র্ক স্টেট অফিস অব ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল (New York State Office of Fire Prevention and Control) স্থানীয় ফায়ার সার্ভিস বিভাগ, ফায়ার সার্ভিস অর্গানাইজেশন, স্কুল ডিস্ট্রিক্টস, সিভিক গ্রুপ এবং ন্যাশনাল ফায়ার প্রিভেনশন অ্যাসোসিয়েশনের সাথে যৌথভাবে কাজ করে অগ্নি নিরাপত্তা সচেতনতার গুরুত্ব সম্পর্কে তথ্য এবং কর্মসূচি প্রদান করে।

2019 সালে, ফায়ার বিভাগগুলি স্টেটজুড়ে প্রায় 1,550,000টি অগ্নিকাণ্ড বা মাসে 129,167টি অগ্নিকাণ্ড, প্রতিদিন 4,247টি অগ্নিকাণ্ড এবং প্রতি মিনিটে তিনটি অগ্নিকাণ্ডের ঘটনায় সাড়া দেয়।

নিউ ইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরি পরিষেবা বিভাগের কমিশনার প্যাট্রিক এ. মার্ফি বলেছেন, "আজ আমরা সেই সাহসী বীরদের সম্মান জানাই যারা তাদের সহকর্মী নিউ ইয়র্কবাসী, প্রিয়জন এবং কমিউনিটির সেবা করার জন্য চূড়ান্ত মূল্য দিয়েছিল। আমরা এই 21 আত্মাকে সম্মান জানাতে তাদের সম্প্রদায়ের সাথে এবং প্রিয়জনদের সাথে দাঁড়িয়েছি, তাদের সাহস এবং উৎসর্গকে কখনই আমরা ভুলবো না, যা নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের অনুকরণ করা উচিত।"

নিউ ইয়র্ক স্টেট ফায়ার অ্যাডমিনিস্ট্রেটর ফ্রান্সিস নার্নি বলেন, "যখন COVID-19 আমাদের একটি ঐতিহ্যবাহী অনুষ্ঠানের আয়োজন করতে বাধা দিচ্ছে, তখন নিউ ইয়র্ক স্টেটের ফলেন ফায়ারফাইটার মেমোরিয়াল ওয়ালে 21 জন সাহসী আত্মাকে সম্মান জানানো থেকে আমাদের বিরত রাখা যাবে না এবং তাদের পরিবারের সাথে তাদের মৃত্যুতে শোক প্রকাশ করা হয়েছে। আমরা এই সব সাহসী আত্মাদের কখনও ভুলবো না যারা সবচেয়ে কঠিন সময়ে তাদের কমিউনিটিকে রক্ষা করতে প্রতিশ্রুতিবদ্ধ ছিল।"

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "আমাদের অগ্নিনির্বাপক সেবার সাহসী পুরুষ ও নারীদের কাছে আমরা ঋণী। নিহত 21 জন অগ্নিনির্বাপক কর্মীর পরিবার এবং বন্ধুদের প্রতি আমি গভীর সমবেদনা জানাচ্ছি, যাদের নাম এই বছর ফলেন ফায়ারফাইটার মেমোরিয়ালে অমর হয়ে থাকবে এবং নিউ ইয়র্কের সেই সব বীর অগ্নিনির্বাপক কর্মীদের প্রিয়জনদের প্রতি, যাদেরকে তাদের সামনে স্মৃতিসৌধে যোগ করা হয়েছে। আমি বিশেষভাবে স্বীকার করতে চাই হার্টসডেলের বাসিন্দা রবার্ট এ. মেন্ট্রাস্তি, যিনি গ্রাউন্ড জিরোতে প্রথম সাড়া প্রদানকারী ছিলেন এবং 2017 সালে 9/11 সম্পর্কিত ক্যান্সারে প্রাণ হারান। আমাদের সাহসীদের ধন্যবাদ।"

সিনেটর সংখ্যালঘু নেতা রবার্ট জি. ওর্ট বলেন, "এই সাহসী ব্যক্তিগণ হলেন বীর যারা তাদের প্রিয় এবং লালন-পালন করা কমিউনিটির সেবা করে চূড়ান্ত ত্যাগ স্বীকার করেছেন এবং এই সাহসী কাজগুলো এমন একটি বিষয় যার জন্য আমরা চিরকাল কৃতজ্ঞ থাকব। যখন অন্যরা বিপদ থেকে পালিয়ে যায়, তখন এই 21 জন ব্যক্তি এর দিকে এগিয়ে যায় এবং তারা তাদের নিরাপত্তা ও সুরক্ষার উপরে শপথ অনুযায়ী কর্তব্য পালন করে। নিউ ইয়র্ক স্টেট ফলেন ফায়ারফাইটার্স মেমোরিয়াল ওয়ালে তাদের স্থাপন করে, আমরা তাদের ফেলে যাওয়া পরিবার এবং প্রথম সাড়া প্রদানকারী কমিউনিটিকে প্রদর্শন করছি যেন তাদেরকে কখনোই ভুলে যাবো না।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "যদিও COVID-19 মহামারি এই বছর এই নিহত বীরদের স্মরণ করতে আমাদের একত্রিত হতে বাধা দিয়েছে, তবে এটি তুলে ধরেছে যে আমরা তাদের নিঃস্বার্থ সেবার জন্য কতটা সৌভাগ্যবান। এই বৈশ্বিক মহামারির অনেক আগে, এই সাহসী পুরুষ এবং নারীগণ আমাদের নিরাপত্তার জন্য দিনের পর দিন তাদের জীবনের ঝুঁকি নিয়েছে এবং অনেকে আমাদের কমিউনিটিকে রক্ষা করার জন্য চূড়ান্ত ত্যাগ স্বীকার করেছেন। এখন আগের চেয়ে আরও বেশি, আমরা তাদের সেবা এবং শুধু এই বীরত্বপূর্ণ অগ্নিনির্বাপক কর্মীদের জন্য নয়, বরং তাদের পরিবার এবং প্রিয়জনদের আত্মত্যাগের জন্যও চির কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলির সংখ্যালঘু নেতা উইল বার্কলে বলেন, "নিউ ইয়র্কের অগ্নিনির্বাপক কর্মী এবং প্রথম সাড়া প্রদানকারীগণ সবসময় প্রতিবেশী এবং কমিউনিটির চাহিদাকে তাদের নিজেদের থেকে বেশি গুরুত্ব দিয়েছে। এইসব সাহসী ব্যক্তিদের অনেকেই চূড়ান্ত ত্যাগ স্বীকার করে তা করেছেন এবং এর জন্য আমরা তাদের কাছে ঋণী যা কখনই শোধ করা যাবে না। যেহেতু আমরা 21 জন নিহত বীরের স্মৃতিকে সম্মান করি যাদের নাম স্মৃতিসৌধে যুক্ত করা হবে, আমাদের প্রত্যেকের উচিত আমাদের জীবনকে আরও উন্নত এবং আমাদের কমিউনিটিকে সুরক্ষিত করার জন্য তাদের অদম্য উৎসর্গকে প্রতিফলিত করতে সময় নেওয়া।"

নিউ ইয়র্ক স্টেট অ্যাসোসিয়েশন অব ফায়ার চিফস-এর সভাপতি লি শার্টলেফ বলেন, "এই অত্যন্ত চ্যালেঞ্জপূর্ণ সময়ে, নিউ ইয়র্ক স্টেট জুড়ে ফায়ার সার্ভিসের সদস্যগণ একত্রিত হয়ে আমাদের সহকর্মীদের প্রতি শ্রদ্ধা জানাতে ঐক্যবদ্ধ যারা কর্তব্য পালনে সর্বোচ্চ ত্যাগ স্বীকার করেছেন। আমরা নিহতদের পরিবারকেও অভিবাদন জানাই এবং তাদের প্রিয়জনদের সর্বদা সম্মানিত করা হবে তা নিশ্চিত করার প্রতিশ্রুতি দিয়েছি।"

ফায়ারম্যান অ্যাসোসিয়েশন অব দ্য স্টেট অব নিউ ইয়র্ক প্রেসিডেন্ট জন পিয়. ফ্যারেল, জুনিয়র বলেন, "নিউ ইয়র্কের ফায়ার সার্ভিসের পুরুষ এবং নারীগণ হলেন নিবেদিত পেশাদার যারা তাদের নিজেদের সুরক্ষায় মারাত্মক ঝুঁকি নিতে দ্বিধা করেন না। দুর্ভাগ্যবশত, তাদের কমিউনিটিকে রক্ষা করার এই অঙ্গীকার করার ফলে কখনও কখনও তাদেরকে চূড়ান্ত ত্যাগ স্বীকার করতে হয়। এই বছর আমরা আমাদের 21 জন নিহত ভাই-বোনকে সম্মান করি, কিন্তু তারা চিরকাল আমাদের হৃদয়ে এবং মনে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেট প্রফেশনাল ফায়ার ফাইটার্স অ্যাসোসিয়েশনের সভাপতি স্যামুয়েল ফ্রেসিনা বলেন, "নিউ ইয়র্ক স্টেট প্রফেশনাল ফায়ার স্যামুয়েল ফ্রেসিনা অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে আমরা আমাদের ক্ষতিগ্রস্ত ভাই-বোনদের স্মৃতির প্রতি সম্মান জানাই যারা আমাদের সকল নিউ ইয়র্কের বাসিন্দাদের সেবা দিতে গিয়ে জীবন হারিয়েছে। দায়িত্ব পালনে তাদের সাহসিকতা ও আত্মত্যাগ কখনো ভোলা যাবে না। তারা চিরকাল আমাদের অন্তরে বেঁচে থাকবে।"

###

আরও সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন